AME (ICT DT(A)) 17/12/2017

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৫০.১৬-৭০৬ তারিখঃ ১৪.১২.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে রাজশাহী সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) ২য় দফায় কর্মসূচী অনুমোদন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এঁর পত্র নং-৮৬৪-প্রঃপ্রঃ, তারিখ ২০.১১.২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন রাজশাহী সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসচীর অগ্রাধিকার তালিকায় ২য় দফায় অন্তর্ভূক্তির লক্ষ্যে নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভূক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

| ক্রম | সড়ক বিভাগের নাম | মহাসড়কের নাম | মহাসড়কের কাজের চেইনেজ (শুরু এবং শেষ স্থানের নামসহ) | প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য | সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | কাজের ধরণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী | রাজশাহী শহর বাইপাস সড়ক (এন-৬০৩) | ০০+০০০-২১+০০০ (বেলপুকুরিয়া হতে কাশিয়াডাঙ্গা) | ২১.০০ | ২৯১৮.৭৫ | Strengthening with DBS base course & wearing course, DBS Wearing Course<br>0+000-21+000<br>Strengthening portion<br>(Aggregate Base Type-1& DBS base course)<br>0+000-0+800=800m, 02+100-02+700=600m<br>06+300-06+800=500m, 12+400-13+000=600m<br>13+600-13+900=300m, 17+000-17+500=500m<br>18+200-18+600=400m, 19+050-20+200 =1150m<br>20+400-20+550=150m |
| ২ | নাটোর | কাশিনাথপুর-দাশুরিয়া-নাটোর-রাজশাহী সড়ক (নাটোর অংশ) (এন-০৬) | ৯৬+৭৫০-১০১+৬০০ দত্তপাড়া হতে টেক্সটাইল মোড়<br>১০৪+৭০০-১০৬+৫০০ তেবাড়ীয়া হতে বনবেলঘরিয়া<br>১০৭+১০০-১০৮+০০ বাবুর পুকুর হতে একডালা | ৭.৩০ | ১১০০.৩৭ | ২০০ মিমি বেইজ টাইপ-১/৭০ মিমি ডিবিএস বেইজ কোর্স/৫০ মিমি ওভারলে কাজ।<br>Strengthening of Base with 200mm Base Type-1<br>97+488-97+588, 97+618-97+698<br>99+900-100+300, 100+650-100+820,<br>101+170-101+400, 105+120-105+325, 106+150-106+250, 106+330-106+450<br>DBS Base Course (70mm)<br>Over Base Type-1 Length=1405m<br>Over Existing Cracked Surface<br>97+040-97+400, 97+730-97+840<br>100+450-100+650, 100+900-101+170<br>Total Length=2345m<br>DBS Wearing course (50mm)<br>96+750-99+020, 99+350-101+600<br>104+700-106+500, 107+100-108+080<br>Total Length=7300m |
| ৩ | সিরাজগঞ্জ | এলেঙ্গা-নলকা-হাটিকুমরুল (এন-৪০৫) সড়ক (সিরাজগঞ্জ অংশ) | নলকা সেতু হতে হাটিকুমরুল গোল চত্বর পর্যন্ত<br>৩৬+৭৫০-৪১+০১০ | ৪.২৬ | ১৪০০.০০ | ৩৬+৭৫০-৪১+০১০<br>৭০.০০ মি.মি. পুরুত্বের DBS Wearing course & 50mm DBS Wearing course work<br>36+750-37+050<br>40+480-41+010 =380.00 মিটার মজবুতিকরণ কাজ। |
| ৪ | পাবনা | টেবুনিয়া-চাটমোহর-হান্ডিয়াল-হামকুড়িয়া সড়ক (আর-৬০৪) মহাসড়কের দৈর্ঘ্য ৪০.০০ কি.মি. | ০+০০০-২২+০০০ টেবুনিয়া হতে চাটমোহর | ২২.০০ | ১৬০০.০০ | DBS Wearing Course (50mm)<br>Aggregate Base Type-01 (Ch. 4.545to 5.650, 8.343 to 8.443, 10.607 to10.710, 12.050 to 12.150 |
| মোট | | | | | ৭০১৯.০৭ | |

শর্তঃ

০১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

০২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

০৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভূক্ত করতে হবে;

০৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

০৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

০৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ (দশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;

০৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

০৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

০৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;

১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;

১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to

১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন,২০১৬ (১ আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;

১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;

১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;

১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এবং

২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength ন্যূনতম Class-30 মানের হতে হবে;

১৪/১২/১৭
(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপ সচিব
ফোন: ৯৫১৪০৭৫।
dsmaintenace@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
২। অতিরিক্ত সচিব (তদন্ত ও শৃংখলা), মনিটরিং টিম প্রধান, টিম নং-২২, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, রাজশাহী সড়ক জোন, রাজশাহী।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬। বেগম সুলতানা ইয়াসমীন, উপসচিব (ডিএফডিপি) মনিটরিং টিম প্রধান, টিম নং-২৩, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। অফিস কপি/ মাস্টার কপি।